

মুমিনের দু'আ

বিভাগ/অধ্যায়ঃ দু'আসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আবুবকর সিদ্দিক (সংকলক)

তাসবীহ, তাহমীদ, তাহলীল ও তাকবীরের ফযীলত

আল্লাহ বলেন, 'হে ঈমানদারগণ, তোমরা আল্লাহকে বেশি বেশি স্মরণ করো' (সূরা আল-আহযাব : ৪১)।

১. রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, দুটি কালেমা যা মুখে উচ্চারণে অতি হালকা মীযানের পাল্লায় ভারী, আল্লাহর নিকট খুব পছন্দনীয়। তা হলো-

سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ، سُبْحَانَ اللَّهِ الْعَظِيمِ

'আমি আল্লাহর পবিত্রতা ঘোষণা করছি তাঁর প্রশংসা সহকারে, আমি আল্লাহর মহত্ব ঘোষণা করছি' (বুখারী, হা/৬৬৮২)।

২. রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, 'জান্নাতের রত্নভাণ্ডারের একটি হলো-

لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ

'আল্লাহর সাহায্য ব্যতীত (পাপ কাজ থেকে দূরে থাকার) কোনো উপায় এবং (সৎকাজ করার কোনো শক্তি কারো নেই' (বুখারী হা/৬৩৮৪)।

৩. রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, 'যে ব্যক্তি প্রতিদিন ১০০ বার বলবে,

سُبْحَانَ اللَّهِ وَبِحَمْدِهِ

'আমি আল্লাহর পবিত্রতা ঘোষণা করছি তাঁর প্রশংসা সহকারে তার অপরাধসমূহ মাফ করে দেওয়া হবে, যদিও তা সমুদ্রের ফেনা পরিমাণ হয়' (বুখারী হা/৬৪০৫)।

৪. রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, 'যে ব্যক্তি প্রত্যহ ১০০ বার বলবে,

لَا إِلَهَ إِلَّا اللَّهُ، وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ، وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

'আল্লাহ ব্যতীত আর কোনো সত্য ইলাহ নেই, তিনি এক, তাঁর কোনো শরীক নেই, রাজত্ব তাঁরই, প্রশংসাও তাঁরই, আর তিনি সকল কিছুর ওপর ক্ষমতাবান।

সে ১০ জন দাস মুক্ত করার সমান সাওয়াব পাবে, তার জন্য ১০০টি নেকী লেখা হবে, ১০০টি অপরাধ ক্ষমা করা হবে, ঐ দিন সন্ধ্যা পর্যন্ত সে শয়তান হতে নিরাপদ থাকবে এবং সে সবচেয়ে বেশি মর্যাদার অধিকারী হবে' (বুখারী, হা/৩২৯৩)।

৫. রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেন, আল্লাহর নিকট সর্বাপেক্ষা প্রিয় বাক্য চারটি। আর এ চারটি বাক্য পাঠ করা তাঁর নিকট সমগ্র পৃথিবী অপেক্ষা প্রিয়তর। বাক্য চারটি হলো-

- (১) سُبْحَانَ اللَّهِ (আমি আল্লাহর পবিত্রতা ঘোষণা করছি)
 - (২) الْحَمْدُ لَهُ (সকল প্রশংসা আল্লাহর)
 - (৩) لَا إِلَهَ إِلَّا اللَّهُ (আল্লাহ ছাড়া আর কোনো সত্য ইলাহ নেই)
 - (৪) اللَّهُ أَكْبَرُ (আল্লাহ সর্বমহান)
- (মুসলিম, হা/২১৩৭)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=15029>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন